

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৪৮৮৫

মোহনপুর, ১৭ ফেব্রুয়ারি, ২০২৪

১৯ ফেব্রুয়ারি দেবেন্দ্রনগর গ্রাম পঞ্চায়েতে প্রশাসনিক শিবির

মোহনপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে আগামী ১৯ ফেব্রুয়ারি বামুটিয়া ব্লকের দেবেন্দ্রনগর গ্রাম পঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গণে একদিনের প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে বিভিন্ন সরকারি সুবিধা প্রদানের পাশাপাশি স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে চিকিৎসা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হবে। মোহনপুর মহকুমা প্রশাসনের পক্ষ থেকে এই প্রশাসনিক ও স্বাস্থ্য শিবিরের সুযোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট গ্রামবাসীদের প্রতি অনুরোধ জানানো হয়েছে।
